

## তথ্য কমিশন

প্রত্নতত্ত্ব ভবন (৩য় তলা)  
এফ-৪/এ, আগারগাঁও প্রশাসনিক এলাকা  
শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭

অভিযোগ নং : ০৮/২০১৪

অভিযোগকারী : জনাব অরুণ রায়  
পিতা-উৎপল রায়  
৫১/এ বাজার রোড  
উপজেলা- সাভার  
জেলা-ঢাকা।

প্রতিপক্ষ : জনাব মোঃ শাহ আলম  
তথ্য কর্মকর্তা  
ও  
দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই)  
বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউট  
(বিএলআরআই), সাভার, ঢাকা।

### সিদ্ধান্তপত্র।

(তারিখ : ২৮-০১-২০১৪ ইং)

অভিযোগকারী জনাব অরুণ রায় ০৫-০৮-২০১৩ তারিখে তথ্য অধিকার আইন, ২০০৯ এর ৮(১) ধারা অনুসারে ঢাকা জেলার সাভার উপজেলার বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউট (বিএলআরআই) এর দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) বরাবরে নিম্নলিখিত তথ্য জানতে চেয়ে আবেদন করেন-

- ক) ঢাকা জেলার সাভার উপজেলাধীন বিএলআরআই এ বর্তমানে কয়টি প্রকল্প চলমান রয়েছে। প্রকল্পগুলোর নাম এবং মেয়াদকাল।
- খ) চলমান প্রকল্পগুলোর শুরু থেকে চলতি অর্থ বছর পর্যন্ত বছর ভিত্তিক খাতওয়ারী বরাদ্দের পরিমাণ কত টাকা।
- গ) চলমান প্রকল্পগুলো শুরু হওয়ার পর থেকে চলতি অর্থ বছর পর্যন্ত বরাদ্দকৃত অর্থের সুনির্দিষ্ট খাতওয়ারী খরচের বর্ণনা বা হিসাব।
- ঘ) অর্থ ব্যয় করার ক্ষেত্রে কোনো দরপত্র আহবান করা হয়েছে কিনা। দরপত্র আহবান করা হয়ে থাকলে কোন কোন পত্রিকায় বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়। প্রকাশের তারিখসহ সেই সব পত্রিকার নাম ও প্রকাশিত বিজ্ঞপ্তির ফটোকপি। দরপত্রে অংশনিয়ে যেসব ঠিকাদার কাজ পেয়েছেন সেইসব ঠিকাদারী প্রতিষ্ঠানের নামসহ মালিকের নাম ও মুঠোফোন নম্বর।
- ঙ) এআরএমপি-২ প্রকল্পের আওতায় কি কি যন্ত্র ক্রয় ও অবকাঠামো নির্মাণ করা হয়েছিল। সেইসব যন্ত্র, অবকাঠামো এবং প্রকল্পের বর্তমান অবস্থার বর্ণনা।
- চ) এআরএমপি-২ প্রকল্পের আওতায় বরাদ্দ ও খরচের খাতওয়ারী হিসাব।

০২। নির্ধারিত সময়ের মধ্যে প্রার্থীত তথ্য না পেয়ে অভিযোগকারী ২৫-০৯-২০১৩ তারিখে ঢাকা জেলার সাভার উপজেলার বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউট (বিএলআরআই) মহাপরিচালক ও আপীল কর্তৃপক্ষ (আরটিআই) ড. মোঃ নজরুল ইসলাম বরাবরে আপীল আবেদন করেন। আপীল আবেদন করার পরও কোন প্রতিকার না পেয়ে তিনি ০৭-০১-২০১৪ তারিখে তথ্য কমিশনে অভিযোগ দাখিল করেন।

০৩। বিষয়টি কমিশনের ০৯-০১-২০১৪ তারিখের সভায় আলোচনা করা হয়। সভার সিদ্ধান্ত অনুযায়ী অভিযোগের বিষয়ে ২৮-০১-২০১৪ তারিখ শুনানীর দিন ধার্য করে সংশ্লিষ্ট পক্ষগণের প্রতি সমন জারী করা হয়।

০৪। শুনানীর ধার্য তারিখে অভিযোগকারী জনাব অরুণ রায়; প্রতিপক্ষ, ঢাকা জেলার সাভার উপজেলার বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউট (বিএলআরআই) এর তথ্য কর্মকর্তা ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) জনাব মোঃ শাহ আলম হাজির। অভিযোগকারী তার বক্তব্যে উল্লেখ করেন যে, তথ্য অধিকার আইন, ২০০৯ অনুযায়ী দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) এর নিকট ০১ নং অনুচ্ছেদে উল্লিখিত তথ্য চেয়ে আবেদন করেন। তথ্য না পেয়ে তিনি আপীল কর্তৃপক্ষ (আরটিআই) বরাবরে আপীল আবেদন করেন। আপীল আবেদন করার পরও কোন প্রতিকার না পেয়ে তথ্য কমিশনে অভিযোগ দাখিল করেন।

(অঃ পৃঃ দ্রঃ)

০৫। ঢাকা জেলার সাভার উপজেলার বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউট (বিএলআরআই) এর তথ্য কর্মকর্তা ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) তার বক্তব্যে উল্লেখ করেন যে, পূর্বে তথ্য অধিকার আইন, ২০০৯ অনুযায়ী তার কার্যালয়ে কোন দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) নিয়োগ দেয়া ছিল না। কমিশনের সমন এবং ফোন পেয়ে অদ্যই তাকে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) হিসেবে নিয়োগ দিয়ে কমিশনের শুনানীতে হাজির হওয়ার জন্য বলা হয়েছে। তার কার্যালয়ে যতটুকু তথ্য সংগৃহীত ছিল তা প্রস্তুত করে সাথে নিয়ে এসেছেন। অবশিষ্ট তথ্য প্রস্তুতপূর্বক সরবরাহ করার জন্য সময়ের প্রয়োজন রয়েছে মর্মে উল্লেখ করেন। কমিশন কর্তৃক সময় মঞ্জুর করা হলে নির্ধারিত সময়ের মধ্যেই অভিযোগকারীকে তথ্য সরবরাহ করার নিশ্চয়তা প্রদান করেন।

০৬। অভিযোগকারীর প্রার্থীত তথ্যের মধ্যে মুঠোফোন নম্বর ব্যতীত সকল তথ্যাদি সরবরাহের জন্য কমিশন মতামত প্রদান করলে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) তাতে সম্মতি প্রদান করেন।

### পর্যালোচনা।

অভিযোগকারী ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) উভয়ের বক্তব্য শ্রবনান্তে, দাখিলকৃত প্রমাণাদি পর্যালোচনান্তে পরিলক্ষিত হয় যে, দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) কে অদ্যই নিয়োগ দিয়ে কমিশনে পাঠানো হয়েছে। অভিযোগকারীর প্রার্থীত তথ্য যতটুকু সংগৃহীত ছিল তা প্রস্তুত করে সাথে নিয়ে এসেছেন এবং অবশিষ্ট তথ্য প্রস্তুত করার জন্য সময় প্রার্থনা করলে কমিশন কর্তৃক সময় নির্ধারণ করা হয়। কমিশন কর্তৃক নির্ধারিত সময়ের মধ্যেই দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) অভিযোগকারীর প্রার্থীত তথ্য সরবরাহের নিশ্চয়তা প্রদান করায় অভিযোগটি নিষ্পত্তিযোগ্য মর্মে গণ্য করা যায়।

### সিদ্ধান্ত।

বিস্তারিত পর্যালোচনান্তে নিম্নলিখিত নির্দেশনা প্রদানপূর্বক অভিযোগটি নিষ্পত্তি করা হলো :-

- ১। তথ্যের মূল্য পরিশোধ সাপেক্ষে আগামী ১৪-০২-২০১৪ তারিখ বা তদপূর্বে কমিশনের নির্দেশনা অনুযায়ী অভিযোগকারীকে তার প্রার্থীত তথ্য সরবরাহ করার জন্য ঢাকা জেলার সাভার উপজেলার বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউট (বিএলআরআই) এর তথ্য কর্মকর্তা ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) কে নির্দেশনা দেয়া হলো।
- ২। তথ্য অধিকার আইন, ২০০৯ এর ধারা-৯ এবং তথ্য অধিকার (তথ্য প্রাপ্তি সংক্রান্ত) বিধিমালা, ২০০৯ এর বিধি-৮ অনুযায়ী সরবরাহকৃত তথ্যের মূল্য বাবদ আদায়কৃত অর্থ ১-৩৩০১-০০০১-১৮০৭ নং কোডে সরকারী কোষাগারে জমা প্রদানের জন্য দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) কে নির্দেশ দেয়া হলো।
- ৩। নির্দেশনাগুলো বাস্তবায়ন/প্রতিপালন করে তথ্য কমিশনকে অবহিত করার জন্য উভয়পক্ষকে বলা হলো।

সংশ্লিষ্ট পক্ষগণকে অনুলিপি প্রেরণ করা হোক।

স্বাক্ষরিত  
(মোহাম্মদ আবু তাহের)  
তথ্য কমিশনার

স্বাক্ষরিত  
(মোহাম্মদ ফারুক)  
প্রধান তথ্য কমিশনার